

উত্তরা ব্যাংক পিএলসি.

পারচেজ এন্ড প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট (লিফট-১২)
প্রধান কার্যালয়, ৪৭ শহীদ বীরউত্তম আশফাকুস সামাদ সড়ক
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

কম্বল ক্রয়ের জন্য দরপত্র আহবান

দেশব্যাপী দুই শীতার্চ মানুষের মাঝে কম্বল বিতরণের লক্ষ্যে প্রকৃত কম্বল ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত বিবরণ অনুযায়ী কম্বল সরবরাহ করার জন্য দরপত্র আহবান করা যাচ্ছে।

কম্বলের বিবরণ:

সংখ্যা	৭৫,০০০ (পঁচাত্তর হাজার) কম্বল
ওজন (প্রতি পিস)	ন্যূনতম ১২০০ গ্রাম বা তদুর্ধ্ব
আকার/সাইজ (প্রতি পিস)	৫' x ৭' (সিঙ্গেল পাট)
রং এবং মান	বিভিন্ন রঙের একরঙা এবং উন্নতমানের

দরপত্রে অংশগ্রহণে আগ্রহী ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের যে সব যোগ্যতা থাকা অত্যাবশ্যিক:

০১. যে কোন সিডিউল ব্যাংকে একক/একাধিক কার্যাদেশে ন্যূনতম ১.৫০ কোটি টাকার কম্বল সরবরাহের অভিজ্ঞতা।
০২. যথাযথ সময়ে কার্য সম্পাদনের জন্য পর্যাপ্ত লোকবল এবং বিতরণের সক্ষমতা।
০৩. হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, ইনকাম ট্যাক্স সার্টিফিকেট/সর্বশেষ রিটার্ন দাখিলের প্রমাণপত্র ও ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট।
০৪. দরপত্র জমাদানকারী প্রতিষ্ঠান/ফার্মের নামে ন্যূনতম ১০.০০ লক্ষ টাকার ব্যাংক ব্যালেন্স এবং ব্যাংক স্বচলুতার হালনাগাদ (১৯.১০.২০২৩ তারিখের পর) ইস্যুকৃত সনদ।
০৫. দরপত্রের সাথে কম্বল প্রস্তুতকারী দেশের নাম/ প্রতিষ্ঠানের নাম এবং আমদানী/সরবরাহ সম্পর্কিত দলিলাদি জমা দিতে হবে (যদি থাকে)।
০৬. কার্যাদেশ হওয়ার ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কম্বল সরবরাহ করতে হবে।

দরপত্রে অংশগ্রহণের প্রক্রিয়া:

আগ্রহী ব্যবসায়ী/সরবরাহকারীগণ সরকারী ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত ২৬.১০.২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালিন সময়ে পারচেজ এন্ড প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট (লিফট-১২), প্রধান কার্যালয়, ঢাকা হতে "উত্তরা ব্যাংক পিএলসি." এর অনুকূলে =২০০০/- টাকার পে-অর্ডার (অফেরতযোগ্য) জমা দিয়ে 'টেন্ডার সিডিউল' ক্রয় করতে পারবেন এবং আগামী ২৯শে অক্টোবর, ২০২৩ তারিখে সকাল ১০.০০ টা থেকে বিকাল ২.০০ টার মধ্যে পারচেজ এন্ড প্রকিউরমেন্ট ডিপার্টমেন্টে রক্ষিত টেন্ডার বক্সে (দরপত্র অবশ্যই মুখ বন্ধ করা খাম) ফেলতে হবে ও একটি নমুনা কম্বল নির্ধারিত স্থানে জমা দিতে হবে এবং একই দিন বিকাল ২.৩০ টায় জমাদানকারীদের (যদি কেহ উপস্থিত থাকেন) উপস্থিতিতে দরপত্র খোলা হবে।

উল্লেখ্য, কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ ও বাতিল করার সিদ্ধান্ত সম্পূর্ণভাবে ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

উপ-মহাব্যবস্থাপক

পারচেজ এন্ড প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট